

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬২৯

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ৩১ জানুয়ারি, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় "আইসিইউ স্বল্পতায় সংকট বাড়ছে", শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে সাম্প্রতিককালে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে পরিষেবা প্রদানের ক্ষেত্রে যে উন্নতি ঘটেছে, তার নিরিখে বহির্বিভাগে যাবার প্রবণতা কমেছে। একের পর এক উল্লেখযোগ্য অস্ত্রোপচারের মাধ্যমে মানুষের আস্থা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে অত্যাধুনিক উন্নতমানের ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) পরিষেবা বিদ্যমান রয়েছে। আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালের পূর্বের তুলনায় প্রায় সমস্ত বিভাগেই ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। পূর্বে মেডিসিন বিভাগে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যা সংখ্যা ছিল ১১টি কিন্তু কোভিড পরিস্থিতিতে ২০২৩ এ তা বৃদ্ধি করে ২৩টি করা হয়েছে। কেবলমাত্র মেডিসিন বিভাগেই নয় সমস্ত ওয়ার্ডেই পূর্বের তুলনায় ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যা সংখ্যা পূর্বের তুলনায় বৃদ্ধি করা হয়েছে। এমনকি যে সমস্ত বিভাগে কোন ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) ছিলই না অর্থাৎ যে সমস্ত ওয়ার্ডে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) ছিল শূন্যের কোঠায় সেই সমস্ত ওয়ার্ডেও বর্তমানে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যার ব্যবস্থা আছে।

একটি পরিসংখ্যানেই তা স্পষ্ট। যেমন মেডিসিন ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) বর্তমানে আছে ২৩টি পূর্বে ছিল ১১টি। রেসপেরটরি ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যা রয়েছে বর্তমানে ৮টি পূর্বে ছিল ৪টি, পিআইসিইউ (PICU) পেডিয়াট্রিক ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) শয্যা রয়েছে মোট ১৬টি পূর্বে ছিল ৮টি, নবজাতক নিবিড় পরিচর্যার জন্য এনআইসিইউ (NICU) ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) বর্তমানে শয্যা রয়েছে মোট ২৪টি পূর্বে ছিল ১২টি, অস্ত্রোপচারের পরে রোগীদের যত্নের জন্য পোস্ট অপারেটিভ কেয়ার ওয়ার্ডে ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) শয্যা বর্তমানে রয়েছে (পুরুষ ১০টি ও মহিলা ১৪টি) মোট ২৪টি পূর্বে ছিল ১০টি, এ আই ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) বর্তমানে রয়েছে মোট ১৪টি পূর্বে ছিল ৬টি।

জেরিয়াটিকে আগে কোন ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, বর্তমানে এখানে ৮টি শয্যা রয়েছে। ইমারজেন্সী মেডিসিন ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ২টি থেকে বৃদ্ধি করে বর্তমানে ১৭টি শয্যা করা হয়েছে। পূর্বে নিউরো সার্জারিতে কোন ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, কিন্তু বর্তমানে এখানে ৫টি শয্যা রয়েছে। পূর্বে ট্রান্সপ্লান্ট-এ কোন ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, বর্তমানে এখানে ৩টি শয্যা রয়েছে। বার্ন ওয়ার্ডে পোড়া রোগীদের চিকিৎসার জন্য পূর্বে ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, বর্তমানে এখানে ৫টি শয্যা রয়েছে। কার্ডিওথোরাসিক অ্যান্ড ভাস্কুলার সার্জারি বা সিটিভিএস (CTVS) হার্ট, ফুসফুস, এবং রক্তনালী সম্পর্কিত রোগীদের চিকিৎসার জন্য পূর্বে ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না বর্তমানে এখানে ১২টি ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) রয়েছে। হৃৎপিণ্ডের সমস্যা ও হৃদরোগীদের চিকিৎসার জন্য পূর্বে কার্ডিওলজি ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, বর্তমানে এই ওয়ার্ডে ৪টি শয্যা রয়েছে। স্ত্রী ও প্রসূতি (Obstetrics and Gynaecology) ওয়ার্ডে পূর্বে কোনও ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) ছিল না, বর্তমানে এই ওয়ার্ডে ৬টি শয্যা রয়েছে। এছাড়াও সুপার স্পেশালিটি ব্লকে যে ১৪০টি শয্যা আছে যার মধ্যে কোনটি ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) নতুবা High Dependency Unit (HDU)। আগামীদিনে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে আরোও ইনটেনসিভ কেয়ার (আইসিইউ) বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে।
